

সমকাল

ব্লকচেইন প্রযুক্তিতে সনদ যাচাইয়ে অ্যাপ চালু করেছে ড্যাফোডিল

২৬ জুলাই ২০১৮



বেসরকারি বিশ্ববিদ্যালয় ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ডিআইইউ) ব্লকচেইন প্রযুক্তি ব্যবহার করে প্রথমবারের মতো শিক্ষার্থীদের সনদ সফলভাবে যাচাই করতে সমর্থ হয়েছে। এ লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব মিলনায়তনে 'ব্লকচেইন প্রযুক্তিতে সনদ যাচাই' শীর্ষক অনুষ্ঠানে সনদ যাচাইয়ে ব্লকচেইন প্রযুক্তি সমৃদ্ধ অ্যাপ উদ্বোধন করে প্রতিষ্ঠানটি। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ হামিদুল হক খান, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান অধ্যাপক ড. তৌহিদ ভূঁইয়া, সফটবিডি লিমিটেডের প্রধান নির্বাহী আতিকুল ইসলাম খান ও প্রধান অপারেটিং অফিসার তানভির আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন। ব্লকচেইন প্রযুক্তির মাধ্যমে সার্টিফিকেট যাচাই করণের সুরক্ষিত পদ্ধতিটি ব্যবহার উপযোগী ও নিজস্ব নেটওয়ার্কে স্থাপনের জন্য বিশ্ববিদ্যালয়টিকে কারিগরি সহায়তা প্রদান করেছে সফটবিডি

লিমিটেড। এছাড়া প্রযুক্তিটি স্থাপনের পূর্বে ড্যাফোডিল ইউনিভার্সিটির সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিভাগের শিউক, ছাত্র ও সফটবিডি লিমিটেডের প্রকৌশলীগণ যৌথভাবে দীর্ঘসময় গবেষণা করেন। এছাড়া এটুআই প্রোগ্রাম প্রোগ্রাম যাচাইকরণ পদ্ধতিটি বাস্তবায়নে পরামর্শ দিয়ে সহযোগিতা করেছে। অনুষ্ঠানে জানানো হয়, নিরাপত্তা নিশ্চিত করে স্বল্প সময়ে সহজেই যে কোনো একাডেমিক সনদ যাচাই সম্ভব। মোবাইল অ্যাপ ব্যবহার করে যে কোনো প্রয়োজনে সনদ যাচাইয়ের দীর্ঘসূত্রতা কমে আসবে এবং চাকরিদাতা, শিক্ষাপ্রতিষ্ঠান প্রয়োজন অনুযায়ী সনদ যাচাই করতে পারবে। অ্যাপটি গুগল প্লেস্টোর থেকে ডাউনলোড করা যাবে।

-প্রযুক্তি প্রতিদিন প্রতিবেদক

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com